গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটপাড়া, নেত্রকোনা
www.atpara.netrokona.gov.bd

## জলমহাল ইজারা প্রদানের নিমিত্ত আবেদন আহ্বান পুন: বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী আটাড়া উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন (২০ একর পর্যন্ত) ইজারাযোগ্য জলমহাল ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে (০১ বৈশাখ ১৪৩২ হতে ৩০ চৈত্র ১৪৩৪ পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের জন্য ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ১০ মার্চ ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২৫.২৪-১৮৮ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ/সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলী/শর্তাবলী ও চেকলিস্ট অনুসরণপূর্বক আবেদন আহ্বান করা যাচ্ছে।

**সময়সূচি**

| পর্যায় | আবেদন ফরম বিক্রয়ের শেষ তারিখ | আবেদন দাখিলের তারিখ ও সময় | আবেদন বাক্স খোলার তারিখ ও সময় | আবেদন ফরম প্রাপ্তির স্থান | আবেদন ফরম দাখিলের স্থান |
|---|---|---|---|---|---|
| ১ম | ০৮.০৪.২০২৫ (অফিস চলাকালে) | ০৯.০৪.২০২৫ সকাল ৯.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত | ০৯.০৪.২০২৫ দুপুর ১.০৫ ঘটিকায় | ১. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সংশ্লিষ্ট সকল)<br>২. সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, আটপাড়া, নেত্রকোণা। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আটপাড়া, নেত্রকোণা। |
| ২য় | ১০.০৪.২০২৫ (অফিস চলাকালে) | ১৩.০৪.২০২৫ সকাল ৯.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৩.০৪.২০২৫ দুপুর ১.০৫ ঘটিকায় | | |

**২০(বিশ) একর পর্যন্ত ইজারাযোগ্য বদ্ধ জলমহালের তালিকা**

| ক্রমিক নং | উপজেলার নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | আয়তন (২০ একর পর্যন্ত) | গড় আয়ের উপর ৫% বৃদ্ধিতে কাঙ্খিত সরকারি মূল্য | ইজারার মেয়াদ (বঙ্গাব্দ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | আটপাড়া | কুতুবপুর পুকুর | ০.৫৯ একর | ১৩,০১৯/- | ১৪৩২ হতে ১৪৩৪ | কোন জলমহালের বিষয়ে বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা থাকলে কিংবা উর্ধ্বতন কর্তৃপক্ষের ভিন্নরূপ সিদ্ধান্ত থাকলে উক্ত জলমহালটি ইজারার তালিকা থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। |

**শর্তাবলী :-**

১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সকল শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
২. উপরে বর্ণিত কার্যালয় হতে নির্ধারিত তারিখে অফিস চলাকালে উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা বরাবর ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যে কোনো তফসিলভুক্ত ব্যাংক) মূলে (অফেরতযোগ্য) আবেদন ফরম ক্রয় করা যাবে।
৩. আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।
৪. আবেদনকারী কর্তৃক জলমহালটি সরজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/ কোনো অংশ ভরাট হয়ে গেছে/মাছের মড়কে ক্ষতি হয়েছে ইত্যাদি উল্লেখ করে কোনো আবেদন/ক্ষতিপূরণ দাবি করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।
৫. সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ইজারা বিষয়ে প্রদত্ত কোনো নির্দেশনা/ নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।
৬. প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন)-এর সত্যায়িত কপি দাখিল করতে হবে;
৭. নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ও ঠিকানা (ছবিসহ), নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা (ঠিকানা ও ছবিসহ), সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবিসহ তালিকা এবং সভার কার্যবিবরণী এবং মৎস্যজীবীদের জাতীয় পরিচয় পত্র দাখিল করতে হবে;

৮. আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে:

৯. সভাপতি, সম্পাদক ও সমিতির নিকট সরকারি কোনো বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোনো সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে;

১০. আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহালের প্রস্তাবিত ইজারা মূল্যের ২০% (শতকরা হারে) জামানত উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা-এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে (মূল কপি) দাখিল করতে হবে।

১১. ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুলস অনুসারে), সমিতির গঠনতন্ত্র, সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে;

১২. বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোনো কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১৩. সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৪. সীলগালাকৃত খামের উপরিভাগে 'জলমহালের নাম'; ডান পার্শ্বে উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা' ও বামপার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখিত থাকতে হবে।

১৫. সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

১৬. দরপত্র ক্রয়/দাখিলের তারিখে সরকার কর্তৃক ছুটি ঘোষণা করা হলে পরবর্তী কার্যদিবস দরপত্র ক্রয়/দাখিলের তারিখ হিসাবে গণ্য করতে হবে।

২৪/৩/২৫

(রুয়েল সাংমা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
আটপাড়া, নেত্রকোণা।
ফোন: ০৯৫২২-৭৪০০১

স্মারক নং: ০৫.৪৫.৭২০৪.০০.৩৩.০৩৩.২৫- ৬৮৮ তারিখ : ২৪ মার্চ ২০২৫ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

১. জেলা প্রশাসক, নেত্রকোণা।
২. উপজেলা..............................................................কর্মকর্তা (সকল), আটপাড়া, নেত্রকোণা।
৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ....................................... ইউনিয়ন ভূমি অফিস,আটপাড়া, নেত্রকোণা। তাকে উক্ত বিজ্ঞপ্তিটি হাটের দিনে ঢোল সহরত ও মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৪. জনাব ...........................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, আটপাড়া, নেত্রকোণা।
৫. জনাব.................................................সভাপতি/সম্পাদক,........................................................মৎস্যজীবি সমবায় সমিতি লি:, আটপাড়া, নেত্রকোণা
৬. নোটিশ বোর্ড/সংশ্লিষ্ট নথি।

২৪/০৩/২৫

(নিলুফা ইয়াসমিন নিপা)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
আটপাড়া, নেত্রকোণা।